# উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী

সভাপতির নাম : জনাব তিথি মিত্র
উপজেলা নির্বাহী অফিসার
দামুড়হুদা, চুয়াডাঙ্গা।

স্থান :উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।

তারিখ ও সময় : ০৩.০৯.২০২৫ খ্রি. বিকাল: ০৩.০০ ঘটিকা।

উপস্থিতি: পরিনিষ্ট-ক'তে দেখানো হলো

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব উপজেলা কৃষি অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা এজেন্ডা ভিত্তিক আলোচনা উপস্থাপন করেন।

সদস্য সচিব উপজেলা কৃষি অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা কৃষি মন্ত্রণালয়, উপকরণ-২ শাখার ০২.০৯.২০২৫ খ্রি. তারিখের ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৯.২৫.২৯৫ নং স্মারক মূলে দামুড়হুদা উপজেলার (ক্ষুদ্র ও প্রান্তিক) কৃষকদের জন্য প্রণোদনা সংক্রান্ত পত্রটি সভায় পাঠ করেন । উপজেলা কৃষি অফিসার জানান, ২০২৫-২০২৬ অর্থ বছরে রবি মৌসুমে বিভিন্ন প্রতিষ্ঠান/সংস্থার অনুকূলে বিজিবির জন্য ১৭০ টি চারা বিতরণের বরাদ্দ পাওয়া গিয়াছে।

এ কর্মসূচির আওতায় দামুড়হুদা উপজেলার অনুকূলে নারিকেল চারা- ১০ (দশ) টি, তালের চারা- ১০ (দশ) টি, আমের চারা- ২৫ (পঁচিশ) টি, নিম, জাম, বেল ও কাঁঠাল চারা- ১২৫ (একশত পঁচিশ) টি বিভিন্ন প্রতিষ্ঠান/সংস্থার অনুকূলে বিজিবির জন্য প্রণোদনা কর্মসূচি গ্রহণ করা হয়েছে। কর্মসূচির চারা উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, দামুড়হুদা, চুয়াডাঙ্গা থেকে বিতরণ করতে হবে। কর্মসূচির চারা বিজিবির প্রতিনিধি নিজে গ্রহণ করবেন, কোন অবস্থাতেই প্রকৃত তালিকাভুক্ত সংস্থার প্রতিনিধি ছাড়া অন্য ব্যক্তিকে প্রদান করা যাবে না।

সভায় প্রণোদনা কর্মসূচি ২০২৫-২০২৬ অর্থ বছরে রবি মৌসুমে বিভিন্ন প্রতিষ্ঠান/সংস্থার অনুকূলে চারা বিতরণ কর্মসূচির নীতিমালা বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

<u>সিদ্ধান্ত-০১</u>
উপজেলায় ০৮ টি ইউনিয়ন ও ১ টি পৌরসভায় ০৫ (পাঁচ) টি বিজিবি ক্যাম্পে চারা বিতরণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।
বিভাজন নিম্নরূপ:-

ফসল ও ইউনিয়ন ভিত্তিক কৃষক সংখ্যা :

| ক্রমিক নং | ইউনিয়ন/পৌরসভা | বিভিন্ন প্রতিষ্ঠান/সংস্থার অনুকূলে চারা বিতরণ কর্মসূচি | | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | নারিকেল | তাল | আম | নিম | জাম | বেল | কাঁঠাল | |
| ১ | জুড়ানপুর | - | - | - | - | - | - | - | বিজিবির চাহিদার ভিত্তিতে |
| ২ | নতিপোতা | - | - | - | - | - | - | - | |
| ৩ | নাটুদহ | - | - | - | - | - | - | - | |
| ৪ | কার্পাসডাঙ্গা | ৪ | ৪ | ১০ | ১৪ | ১৪ | ১০ | ১২ | |
| ৫ | কুড়ুলগাছি | - | - | - | - | - | - | - | |
| ৬ | পারকৃষ্ণপুর-মদনা | ৬ | ৬ | ১৫ | ২১ | ২১ | ১৫ | ১৮ | |
| ৭ | হাউলী | - | - | - | - | - | - | - | |
| ৮ | দামুড়হুদা | - | - | - | - | - | - | - | |
| ৯ | দর্শনা পৌরসভা | - | - | - | - | - | - | - | |
| | মোট= | ১০ | ১০ | ২৫ | ৩৫ | ৩৫ | ২৫ | ৩০ | |

সিদ্ধান্ত-০২
সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তা, অগ্রাধিকার খসড়া তালিকা প্রস্তুত করবেন।

সিদ্ধান্ত-০৩
উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি কর্তৃক খসড়া তালিকা (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করে) অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে ও সরকারি আদেশে বর্ণিত শর্তাবলী অনুযায়ী বাস্তবায়িত হবে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

(চলমান পাতা- ০২)

সিদ্ধান্ত-০৪

উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর "বিজিবির তথ্য ছক" পূরণ করে উপসহকারী কৃষি কর্মকর্তা সফটকপি উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটির নিকট ই-মেইল এ অগ্রাধিকার খসড়া তালিকা আবশ্যিকভাবে প্রেরণ করবে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। তালিকা প্রণয়নের ক্ষেত্রে;

ক) পরবর্তীতে চাহিদার ভিত্তিতে তালিকা সমন্বয় করা যেতে পারে।

খ) উপযুক্ত প্রতিনিধির জাতীয় পরিচয় পত্র নম্বর ও মোবাইল নম্বর থাকতে হবে।

গ) ০২ (দুই) কপি স্ট্যাম্প সাইজের ছবি।

সিদ্ধান্ত-০৫

২০২৫-২০২৬ অর্থ বছরে রবি মৌসুমে বিভিন্ন প্রতিষ্ঠান/সংস্থার অনুকূলে চারা বিতরণ প্রণোদনা সহায়তার অর্থ খরচের লক্ষ্যে একটি উপ-কমিটি গঠনের প্রস্তাব গৃহীত হয় এবং কমিটির অনুমোদন দেওয়া হয়। কমিটি নিম্নরূপ

| | |
|---|---|
| ১। উপজেলা কৃষি অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা | : আহবায়ক |
| ২। উপজেলা প্রাণীসম্পদ অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা | : সদস্য |
| ৩। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা | : সদস্য |

*বিভাজন-ক সরকারি বিধি মোতাবেক ২০২৫-২০২৬ অর্থ বছরে রবি মৌসুমে বিভিন্ন প্রতিষ্ঠান/সংস্থার অনুকূলে চারা বিতরণ কর্মসূচির আর্থিক ব্যয়ভার মেটানোসহ যাবতীয় খরচের ক্ষমতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করা হয়।

তিথি মিত্র
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি
দামুড়হুদা, চুয়াডাঙ্গা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
dae.damurhuda.chuadanga.gov.bd

স্মারক নং- ১২.১৬.১৮৩১.০০০.১৬.০০২.২৫.৮০০(৯) তারিখ: ০৩ সেপ্টেম্বর ২০২৫ খ্রি.

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:
১. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ আধিদপ্তর ও সদস্য সচিব জেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি, চুয়াডাঙ্গা।
২. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
৩-৪. চেয়ারম্যান/প্রশাসক (সকল) ......................................... ইউপি।
৫-৯. উপসহকারী কৃষি কর্মকর্তা (সকল) জনাব......................................................... ব্লক...............................।
আপনাকে রবি মৌসুমে বিভিন্ন প্রতিষ্ঠান/সংস্থার অনুকূলে প্রনোদনার আওতায় "বিজিবির তথ্য ছক" পূরণ করে (সফটকপি ও হার্ডকপি) অগ্রাধিকার তালিকা প্রস্তুত করে আগামী ............................. খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর ০২ (দুই) কপি কৃষক অগ্রাধিকার খসড়া তালিকা আবশ্যিকভাবে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা দেওয়ার জন্য নির্দেশক্রমে বলা হলো।

০৩.০৯.২৫
শারমিন আক্তার
উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি
দামুড়হুদা, চুয়াডাঙ্গা

E:\প্রণোদনা দামুড়হুদা\বিভিন্ন চারা\রেজুলেশন.doc